

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

| | | |
|--------------|---|--|
| সভাপতি | : | এইচ এম রকিব হায়দার বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। |
| বিষয় | : | জেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী। |
| তারিখ ও সময় | : | ০৯/০৩/২০২৫ খ্রি. সকাল- ১১.০০ টা। |
| স্থান | : | জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ, লালমনিরহাট। |

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-“ক”তে দেখানো হলো।

জেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট দফাভিত্তিক আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

গত ০৯ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন ও পাঠ করা হয়। এতে কোন সংশোধন, সংযোজন ও পরিমার্জন করার বিষয় না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|------------|---|--|--|
| ০১ | সভায় সদস্যগণ জানান যে, মানব পাচার বিরোধী জনসচেতনতার কারণে মানব পাচার কম হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে মানব পাচার রোধে সকল সংস্থাকে কার্যকরী ভূমিকা পালনের উপর গুরুত্ব আরোপ করা হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রংপুর বিভাগীয় চোরাচালান নিরোধ আঞ্চলিক টাঙ্কফোর্স কমিটির ফেব্রুয়ারি, ২০২৫ মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। | ১) মানব পাচার বিরোধী জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল সংস্থাকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে। ২) চোরাচালান ও মানব পাচার প্রতিরোধে সীমান্ত এলাকায় টহল জোরদার করতে হবে। | ১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট। ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |
| ০২ | সভায় জানানো হয় যে, মানব পাচার প্রবণ এলাকা চিহ্নিতের বিষয়ে জেলা প্রশাসন থেকে সরেজমিনে তদন্ত করা হয়েছে। জেলায় সুনির্দিষ্ট কোনো মানব পাচার প্রবণ এলাকা পাওয়া যায়নি। | মানব পাচারের কোন ঘটনা ঘটলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক কমিটিকে অবহিত করতে হবে। | ১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট। ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |
| ০৩ | সভায় জানানো হয়, সীমান্ত দিয়ে মানব পাচার রোধে নজরদারি বৃদ্ধি করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনান্তে সীমান্তে নজরদারি বৃদ্ধিসহ টহল জোরদার এর উপর গুরুত্ব আরোপ করা হয়। | সীমান্তে নজরদারি বৃদ্ধিসহ টহল জোরদার করতে হবে। | ১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট। ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |
| ০৪ | সভায় বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা এর ১২/১১/২০২৪ তারিখের ৪৯.০০.০০০০.০৫৫.২৭.২৭৫.২২-৮০৯ স্মারকের পত্রটি পাঠ করে শোনান। উক্ত পত্রের মাধ্যমে সকল জেলার মানবপাচারের সাথে জড়িত দালালদের তালিকা প্রেরণ করেছেন। তালিকা মোতাবেক মানবপাচারের সাথে জড়িত দালালদের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব আরোপ করা হয়। | মানব পাচারের সাথে জড়িত দালালদের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

()

(এইচ এম রকিব হায়দার)

জেলা ম্যাজিস্ট্রেট

লালমনিরহাট।

ফোনঃ ০২৫৮৯-৯৮৬৭৭৭

dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-৪৭.৫২০০.০২৪.০৪.০৩.০০৭.১৯-২৭৫(৬০)

২৪ ফাল্গুন, ১৪৩১

তারিখ : -----

০২ মার্চ, ২০২৫

মার্চ ২০২৫ মাসে অনুষ্ঠিত জেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
- ০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
- ০১। পুলিশ সুপার, লালমনিরহাট।
- ০২। সিভিল সার্জন, লালমনিরহাট।
- ০৩। -----, লালমনিরহাট।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেলা আইসিটি শাখা, লালমনিরহাট। (তঁাকে কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে দেয়ার জন্য অনুরোধ করা হলো।)

()

(মোছাঃ আফরোজা খাতুন)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

লালমনিরহাট।

ফোনঃ ০২৫৮৯-৯৮৬৮৬৮

admlalmonirhat@mopa.gov.bd